

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ২১ মে ২০২৩ তারিখে বরিশাল বিভাগীয় কার্যালয়ের ০২ টি টিম কর্তৃক বরিশাল জেলার গৌরনদী উপজেলায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বরিশাল বিভাগীয় কার্যালয় কর্তৃক ২১/০৫/২০২৩ খ্রি: তারিখে উপপরিচালক জনাব অপূর্ব অধিকারী এবং সহকারী পরিচালক জনাব ইন্দ্রানী দাস এর নেতৃত্বে ০২ টি তদারকি টিম বরিশাল জেলার গৌরনদী উপজেলার টরকি বন্দর এবং বার্থী বাজার এলাকায় অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে উপপরিচালক জনাব অপূর্ব অধিকারী টরকি বন্দর পুলিশ ক্যাম্প বাজার এলাকায় জীবনদান ফার্মেসি কে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে ঔষধ বিক্রয় ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪০ ও ৫১ ধারা অনুযায়ী ৪,০০০/- টাকা এবং বার্থী বাজার এলাকায় জননী কসমেটিকস কে প্রতিশ্রুত পণ্য যথাযথভাবে সরবরাহ না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৫ ধারা অনুযায়ী ২,০০০/- টাকাসহ সর্বমোট ৬,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করেন। অপরদিকে জনাব ইন্দ্রানী দাস টরকি বন্দর বাজার এলাকায় ফাতেমা ফার্মেসি কে প্রতিশ্রুত পণ্য যথাযথভাবে সরবরাহ না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৫ ধারা অনুযায়ী ২,০০০/- টাকা ও গ্রামীন ফার্মেসি কে প্রতিশ্রুত পণ্য যথাযথভাবে সরবরাহ না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৫ ধারা অনুযায়ী ৪,০০০/- টাকা এবং বার্থী বাজার এলাকায় খান কসমেটিকস কে প্রতিশ্রুত পণ্য যথাযথভাবে সরবরাহ না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৫ ধারা অনুযায়ী ২,০০০/- টাকাসহ সর্বমোট ৮,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করেন। আজকের ০২ টি অভিযানে ০৫ টি প্রতিষ্ঠানে সর্বমোট ১৪,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। অভিযান চলাকালে উপস্থিত ভোক্তাদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কিত লিফলেট ও প্যাম্ফলেট বিতরণ করা হয় এবং পণ্য বা সেবা ক্রয়ে প্রতারণিত হলে অধিদপ্তরে অভিযোগ দায়েরের ব্যাপারে উদ্বুদ্ধ করা হয়। এপিবিএন-১০ এর একটি চৌকস টিমের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

APD

২১-৫-২০২৩

অপূর্ব অধিকারী

উপপরিচালক

ফোন: ০২৪৭৮৮৬২০৪২

ইমেইল: dd-

barisal@dncrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।
- ৩) পুলিশ কমিশনার, বরিশাল।
- ৪) জেলা প্রশাসক, বরিশাল।
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।
- ৬) সহকারী পরিচালক, উপপরিচালকের কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল বিভাগীয় কার্যালয়
- ৭) অফিস কপি।